

উপজেলা পরিষদ কার্যালয়  
উখিয়া, কক্সবাজার

বিষয় : উপজেলা কৃষি ও সেচ বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী  
সভাপতি : জাহাঙ্গীর আলম  
স্থান : উপজেলা ভাইস চেয়ারম্যানের কার্যালয়, উখিয়া, কক্সবাজার  
তারিখ : ০৩/০৩/২০২২ খ্রি.  
সময় : সকাল ১১.০০ ঘটিকা

সভার আলোচ্য বিষয়সমূহ:

১. গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন;
২. আধুনিক ও বৈজ্ঞানিক পদ্ধতিতে কন্দাল ও মসলা জাতীয় ফসল চাষ বিষয়ক দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ শিরোনামে সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্প প্রস্তাবনা তৈরি ও দাখিল;
৩. বিবিধ।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভায় গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হয়।

২. নং আলোচ্যসূচি অনুযায়ী উপজেলা কৃষি অফিসার জানান যে, বাংলাদেশ ইতোমধ্যেই দানাদার খাদ্য শস্যে স্বয়ংসম্পূর্ণ হয়েছে, কিন্তু অন্যান্য ফসল উৎপাদনের এখনও যথেষ্ট সুযোগ রয়েছে যা দেশের খাদ্য নিরাপত্তায় শক্ত ভিত গড়তে ভূমিকা রাখতে পারে। সেক্ষেত্রে উৎপাদনশীলতা ও আয়ের উপর ভিত্তি করে কন্দাল ও মসলা জাতীয় ফসল হতে পারে শস্য বহুমুখীকরণের এক উল্লেখযোগ্য মাধ্যম। উখিয়া উপজেলা কন্দাল ও মসলা জাতীয় ফসল চাষের জন্য অত্যন্ত উর্বর ও উপযোগী। এখানে পরিলক্ষিত হয় যে, এ অঞ্চলের ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক সনাতনী পদ্ধতিতে কন্দাল ও মসলা জাতীয় ফসল চাষ করে আসছে। সময়ের বিবর্তনে ও ২০১৭ সালের আগস্ট মাসে বলপূর্বক বাস্তবায়িত রোহিঙ্গাদের সমাগমে উখিয়ায় কৃষি পণ্যের চাহিদা ব্যাপকভাবে বৃদ্ধি পেয়েছে। উপর্যুক্ত বিষয় বিবেচনা করে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের আধুনিক ও বৈজ্ঞানিক পদ্ধতিতে কন্দাল ও মসলা জাতীয় ফসল চাষ বিষয়ক দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রদান করলে অত্র উপজেলায় কন্দাল ও মসলা জাতীয় ফসলের উৎপাদনশীলতা বৃদ্ধিসহ ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকগণ অর্থনৈতিকভাবে লাভবান হবে। সভায় বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা হয় এবং আধুনিক ও বৈজ্ঞানিক পদ্ধতিতে কন্দাল ও মসলা জাতীয় ফসল চাষ বিষয়ক দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ শিরোনামে সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্প প্রস্তাবনা উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের (ইউজিডিপি) নির্দেশিকা অনুযায়ী তৈরি করে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উখিয়া, কক্সবাজার বরাবর দাখিলের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো।

সিদ্ধান্ত:  
ক. আধুনিক ও বৈজ্ঞানিক পদ্ধতিতে কন্দাল ও মসলা জাতীয় ফসল চাষ বিষয়ক দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ শিরোনামে সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্প প্রস্তাবনা উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের (ইউজিডিপি) নির্দেশিকা অনুযায়ী তৈরি করে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উখিয়া, কক্সবাজার বরাবর দাখিল।





আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

  
জাহাঙ্গীর আলম  
ভাইস চেয়ারম্যান  
উপজেলা পরিষদ, উখিয়া

ও  
সভাপতি  
উপজেলা কৃষি ও সেচ বিষয়ক কমিটি  
উপজেলা পরিষদ, উখিয়া, কক্সবাজার

১: উপজেলা পরিষদ কার্যালয়  
উখিয়া, কক্সবাজার  
উপজেলা কৃষি ও সেচ বিষয়ক কমিটির সভার উপস্থিতির হাজিরা

তারিখ : ০৩/০৩/২০২২ খ্রি.

ক্রম	নাম	পদবী	প্রতিষ্ঠান ও ঠিকানা	কমিটিতে পদবী	স্বাক্ষর
১	জাথঙ্গার আনম	ভাইস চেয়ারম্যান	উপজেলা পরিষদ, উখিয়া, কক্সবাজার	সভাপতি	
২	এম. এম. হেয়দ আনম	চেয়ারম্যান	জালিয়াপালাং ইউনিয়ন পরিষদ, উখিয়া, কক্সবাজার	সদস্য	
৩	নুরুল হুদা	চেয়ারম্যান	রত্নাপালাং ইউনিয়ন পরিষদ, উখিয়া, কক্সবাজার	সদস্য	
৪	—	চেয়ারম্যান	হলদিয়াপালাং ইউনিয়ন পরিষদ, উখিয়া, কক্সবাজার	সদস্য	—
৫	সুমনজিৎ জাম্বুদার	উপজেলা কৃষি অফিসার	উপজেলা কৃষি অফিসারের কার্যালয় উখিয়া, কক্সবাজার	সদস্যসচিব	 ০৩/০৩/২০২২